



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মুন্সিগঞ্জ

www.dae.munshiganj.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক: ১২.১৭.৫৯০০.০৪১.১৬.০৬৫.২৪.

১৮/১২/১৫

তারিখ: ১৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩১/১২/২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মুন্সিগঞ্জ জেলায় আলু উৎপাদনে রাসায়নিক সার ব্যবহার যৌক্তিকীকরণের জন্য বাস্তবায়িত প্রদর্শনীর তথ্য সংরক্ষণ ও প্রদর্শনীভুক্ত কৃষকদের মাঝে প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সিগঞ্জ এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় অত্র জেলার প্রত্যেক উপজেলায় ২৫টি করে মোট ১৫০টি ট্রায়াল/পরীক্ষণ প্লট মাঠ পর্যায়ে চলমান রয়েছে। এসব পরীক্ষণ প্লট বাস্তবায়নের উদ্দেশ্য নিম্নরূপ-

- সাধারণত কৃষকগণ অত্যধিক মাত্রায় রাসায়নিক সার ব্যবহার করে থাকেন, ফলে কৃষকের খরচ বৃদ্ধি পায়। পরীক্ষণ প্লটগুলো বাস্তবায়ন হলে এর প্রাপ্ত ফলে জানা যাবে যে, গবেষণা কর্তৃক নির্দেশিত সার/পরীক্ষণ প্লটের ব্যবহৃত সার দ্বারা তথা কম খরচে কৃষকের কাংশিত ফলন পাওয়া সম্ভব কি না। কম মাত্রার রাসায়নিক সার ব্যবহার করে কাংশিত ফলন পাওয়া সম্ভব হলে কৃষকের উৎপাদন খরচ কমে যাবে, রাসায়নিক সারের চাহিদার হ্রাস পাবে, ফলে রাসায়নিক সারের আমাদানি চাহিদা কমে যাবে এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।
- সুখম মাত্রার সার ব্যবহার করলে ফসলের ফলন ও গুণগত মান বৃদ্ধি হয়, শতকরা ৮ থেকে ১৪ ভাগ ফসলের উৎপাদন বাড়ে।
- জমিতে অধিক মাত্রায় ও নির্বিচারে রাসায়নিক সার ব্যবহার করলে মাটির উর্বরা শক্তি হ্রাস পায়, উৎপাদনশীলতা ধীরে ধীরে কমে যায়, পরিবেশ দূষণ এর ঝুঁকি বাড়ে।
- জেলায় বাস্তবায়িত/চলমান ১৫০টি পরীক্ষণ প্লটে ০৩ (তিন) টি ট্রায়াল (ট্রিটমেন্ট) ব্যবহার করা হচ্ছে, তাহা নিম্নরূপ-

রাসায়নিক সারের নাম	টি-১ (কেজি)/৫ শতক	টি-২ (কেজি)/৫ শতক	টি-৩ (কেজি)/৫ শতক
ইউরিয়া	৬.০০	৬.৭৫	৭.৫০
ডিএপি	২.৫০	৪.২৫	৫.০০
এমওপি	৩.৫০	৫.৫০	৭.৫০

- অন্যান্য রাসায়নিক সার- (জিপসাম ১.০ কেজি, ম্যাগনেসিয়াম ০.৩৫ কেজি, বোরন ০.১০ কেজি, দস্তা ০.১০ কেজি/৫ শতক) সকল প্রদর্শনীতে সমান পরিমাণ ব্যবহার করা হয়েছে।

এমতাবস্থায়, প্রদর্শনী/পরীক্ষণ প্লটভুক্ত সকল কৃষকসহ উপসহকারী কৃষি কর্মকর্তাদের বিষয়টি অনুধাবনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

উপজেলা কৃষি অফিসার
..... (সকল), মুন্সিগঞ্জ।

বিপ্লব কুমার মোহন্ত
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মুন্সিগঞ্জ।

ফোনঃ ০২-৭৬১২১০৫

ই-মেইলঃ ddaemunshiganj@gmail.com